রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Pirojpur Science and Technology University

Website : www.prstu.ac.bd; E-mail : registrar@prstu.ac.bd

স্মারক নং- পিবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/গুচ্ছ ভর্তি (২৫-২৬)/২০২৬/৪৩(০১) তারিখ : ১৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ৩১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**অপেক্ষমান তালিকা হতে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান/সমমান) ১ম বর্ষে ভর্তির জন্য বিগত ২৯/০৭/২০২৬ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন শেষে ৫টি আসন ফাঁকা রয়েছে যার বিপরীতে মেধাক্রমে নির্বাচিত শিক্ষার্থীদের রোলনম্বর ও মেধাক্রম: ১৩৯৬৯৫ (১৪০৬২), ১৮৩৩৩০ (১৪০৬৮), ২৪৭২৬৪ (১৪১৪৪), ২১১৫১১ (১৪১৫১), ১২২৪১৭ (১৪২০৪)। উল্লিখিত শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (https://admission.prstu.ac.bd) তথ্য প্রদানপূর্বক আগামী ০১/০৮/২০২৬ তারিখ রাত ১১ : ৫৯টার মধ্যে নিম্নোক্ত হারে ভর্তি ফি প্রদান করতঃ চূড়ান্ত ভর্তি নিশ্চায়ন সম্পন্ন করতে হবে।

**ভর্তি ফি**

| বিভাগ | মোট ভর্তি ফি | GST-তে প্রদত্ত ফি | অবশিষ্ট ভর্তি ফি |
|---|---|---|---|
| মনোবিজ্ঞান | ১৫,২০০/- | নাই | ১৫,২০০/- |

- ভর্তির জন্য শিক্ষার্থীকে নগদ/রকেট মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে অবশিষ্ট ভর্তি ফি (১৫,২০০/-) জমা প্রদানপূর্বক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ভর্তি ফর্ম ডাউনলোড ও প্রিন্ট করা যাবে। উল্লেখ্য, অনলাইনে কোন ধরনের কারিগরি সমস্যা সৃষ্টি হলে ম্যানুয়ালি ভর্তির সুযোগ থাকবে।
- ভর্তি নিশ্চায়নপূর্বক অবশিষ্ট কাগজপত্রসহ (যদি থাকে) পূরণকৃত ভর্তি ফর্মের প্রিন্ট কপি আগামী ০৪/০৮/২০২৬ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস : বাড়ি নং-২৬৪/২, পুলিশ লাইন সড়ক, শিকারপুর, পিরোজপুর-৮৫০০ এ স্ব-স্ব বিভাগে (অ্যাকাডেমিক ভবন, সাইকোলজি বিভাগ, কক্ষ নং-২০৩) সশরীরে উপস্থিত হয়ে আলাদা একটি A4 সাইজের খামে দাখিলপূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বলা হলো।
- **শিক্ষার্থীকে ভর্তির জন্য নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে :**
  - (ক) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি;
  - (খ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
  - (গ) GST গুচ্ছ ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
  - (ঘ) SSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র, নম্বরপত্র ও প্রতিটির এক কপি সত্যায়িত ফটোকপি;
  - (ঙ) HSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র, নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও প্রতিটির এক কপি সত্যায়িত ফটোকপি;
  - (চ) মূল নম্বরপত্র অন্য কোন প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে থাকলে তা নিজ দায়িত্বে সেই প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় থেকে উত্তোলন করে অত্র বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে;

**বিশেষ শর্তাবলি :** শিক্ষার্থীদের প্রদত্ত তথ্যাবলিতে কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে যে কোন পর্যায়ে ভর্তি/প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় ও দেশের প্রচলিত বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। যেকোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবেন।

**বি.দ্র.: নির্বাচিত শিক্ষার্থীদের মধ্যে থেকে কোনো শিক্ষার্থী যথাসময়ে ভর্তি নিশ্চায়ন না করলে উক্ত আসনের বিপরীতে রিপোর্টিং সম্পন্নকৃত শিক্ষার্থীদের অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুসারে যথাসময়ে নোটিশপ্রদান পূর্বক অবহিত করতঃ ভর্তি সম্পন্ন করা হবে। সে ক্ষেত্রে নিম্নোক্ত রোলধারী শিক্ষার্থীদের উল্লেখিত কাগজপত্রসহ প্রস্তুত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ভর্তি পদ্ধতি সংক্রান্ত তথ্য যথাক্রমে www.prstu.ac.bd ও admission. prstu.ac.bd-এ পাওয়া যাবে।**

**রিপোর্টিং সম্পন্নকৃত অপেক্ষমান শিক্ষার্থীদের রোলনম্বর ও মেধাক্রম:** ১৯০৩৫৯ (১৪২২৩), ১৯৮৭৬৬ (১৪২৩৪), ১১৩৬৫১ (১৪২৬৬), ২২৮৩৮৯ (১৪২৬৭), ১২৭৩৯৬ (১৪৩০৯)।

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক (সকল), পিবিপ্রবি;
২. ওয়েবসাইট/নোটিশ বোর্ড;
৩. অফিস কপি।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

AHossain
31/7/26

(ড. আকতার হোসেন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়